ভবিষ্যতে আরও সতর্ক থাকবো শোকজের জবাবে জনপ্রশাসন প্রতিমন্ত্রী

আচরণবিধি ভঙ্গের কথা অস্বীকার করে এবং ভবিষ্যতে আরো সতর্ক থাকার প্রতিশ্রুতি দিয়ে নির্বাচন অনুসন্ধান কমিটির দেওয়া শোকজের উত্তর দিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রীর প্রতিনিধিরা।

আজ মঙ্গলবার দুপুর সাড়ে ১২টায় মেহেরপুর-১ সংসদীয় আসনের নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এবং মেহেরপুর যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত-২ এর বিচারক এইচ এম কবির হোসেনের খাস কামরায় শোকজের উত্তর দেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের মনোনিত প্রতিনিধিগণ।

জনপ্রশাসন প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসেবে শোকজের উত্তর দিতে আসেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী দুলাভাই বাবলু বিশ্বাস, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন ও অ্যাডভোকেট শফিকুল ইসলাম।

অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয় থেকে জানা গেছে, শোকজ এর উত্তরে প্রতিমন্ত্রীর প্রতিনিধিরা বলেছেন, ‘জনপ্রশাসন প্রতিমন্ত্রী রাষ্ট্রীয় সফরে মেহেরপুর এসেছিলেন। সদর উপজেলার কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা অসুস্থ শুনে তিনি মানবিক কারণে রাষ্ট্রীয় গাড়ি ব্যবহার করে জনপ্রশাসন প্রতিমন্ত্রী চেয়ারম্যান কে দেখতে তার বাড়ি যান। জনপ্রশাসন প্রতিমন্ত্রী দুই বারের নির্বাচিত সাংসদ হওয়াতে এলাকায় তার ব্যাপক জনপ্রিয়তা রয়েছে। তার আগমনের খবর পেয়ে সাধারণ জনগণ চেয়ারম্যানের বাসভবনে সামনে ভিড় করে। এসময় তিনি চার দেয়াল এর মধ্যে তাদের সাথে শুভেচ্ছা বিনিময় করেছেন মাত্র, কোন জনসভা করেননি।’ একই সাথে নির্বাচনের আচরণবিধে নিয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ভবিষ্যতে আরো সতর্ক থাকবেন বলে প্রতিশ্রুতি দিয়েছেন।

উল্লেখ্য, নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ফরহাদ হোসেনকে গত রবিবার নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এইচ এম কবির হোসেন এ শোকজ নোটিশ করেছিলেন। নোটিশে বলা

হয়েছিল, ‘কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যানের শোলমারীস্থ বাসভবনের সামনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন এবং সরকারি গাড়িযোগে পুলিশ প্রটোকলসহকারে জনসভায় উপস্থিত হন। যা সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা-২০০৮ এর বিধি ১২ ও ১৪ (২) এর লঙ্ঘন।’